FEED THE FUTURE

The U.S. Government's Global Hunger & Food Security Initiative





# বাংলাদেশ থেকে তাজা ফল ও শাকসবজি রপ্তানির জন্য প্রয়োজনীয় নির্দেশনা

ইজি এক্সপোর্ট সিরিজ - ০১

USAID

আমেরিকার জনগণের পক্ষ থেকে



ইজি এক্সপোর্ট সিরিজ- ০১

# বাংলাদেশ থেকে তাজা ফল ও শাকসবজি রপ্তানির জন্য প্রয়োজনীয় নির্দেশনা


**রচনা, সহযোগিতায়, ট্রান্সলেশন**

ইউএসএআইডি ফিড দ্যা ফিউচার বাংলাদেশ ট্রেড অ্যাক্টিভিটি

**কৃতজ্ঞতা স্বীকার**

উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ ফ্রুটস, ভেজিটেবলস এ্যান্ড অ্যালাইড প্রডাক্টস এক্সপোর্টারস অ্যাসোসিয়েশন
বাংলাদেশ এগ্রো প্রসেসরস অ্যাসোসিয়েশন
বাংলাদেশ পটেটো এক্সপোর্টারস অ্যাসোসিয়েশন
বাংলাদেশ হিমায়িত খাদ্য রপ্তানিকারক সমিতি

**প্রকাশক**

ইউএসএআইডি ফিড দ্যা ফিউচার বাংলাদেশ ট্রেড অ্যাক্টিভিটি

**প্রকাশনার তারিখ**

অক্টোবর ২০২২



**কপিরাইট**

ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট গ্রুপ এলএলসি


---


এই প্রকাশনাটি ফিড দ্যা ফিউচার এবং ইউনাইটেড স্টেটস এজেন্সি ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট (ইউএসএআইডি) এর সহায়তায় তৈরি করা হয়েছে। এই প্রকাশনার বিষয়বস্তুর দায় একান্তই ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট গ্রুপ এলএলসির এবং তা ফিড দ্য ফিউচার, ইউএসএআইডি বা মার্কিন যুক্তরাষ্ট্র সরকারের মতামতের প্রতিফলন নয়।

# সূচিপত্র

ভূমিকা ..... ০৪

বাংলাদেশ থেকে তাজা ফল ও শাকসবজি রপ্তানির ক্ষেত্রে সম্ভাবনাসমূহ ..... ০৬

বাংলাদেশ থেকে তাজা ফল ও শাকসবজি রপ্তানির ক্ষেত্রে প্রতিবন্ধকতা ..... ০৬

রপ্তানি নীতি ২০২১-২৪ অনুযায়ী তাজা ফল ও শাকসবজি রপ্তানিতে খাদ্যনিরাপদতা সম্পর্কিত প্রয়োজনীয় পদক্ষেপসমূহ ..... ০৭

বাংলাদেশ থেকে ফল ও শাকসবজি রপ্তানির প্রয়োজনীয় সাধারণ নির্দেশনা ..... ০৯

বাংলাদেশ থেকে তাজা ফল ও শাকসবজি রপ্তানির ক্ষেত্রে প্রয়োজনীয় নথিপত্র ..... ১০

বাংলাদেশ থেকে তাজা ফল ও শাকসবজি রপ্তানির আদেশ প্রাপ্তির সহজ উপায় ..... ১২

সংযুক্তি-১: কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) থেকে রপ্তানির জন্য ফাইটোস্যানিটারি সার্টিফিকেট সংগ্রহের জন্য নথিপত্র ..... ১৩

ফাইটোস্যানিটারি সার্টিফিকেট প্রাপ্তির জন্য আবেদন করার সময় ..... ১৩

সংযুক্তি-২: ফাইটোস্যানিটারি সার্টিফিকেট প্রাপ্তির ধাপসমূহ ..... ১৪

সংযুক্তি-৩: ফাইটোস্যানিটারি সার্টিফিকেট প্রাপ্তির সময় ..... ১৬

ফাইটোস্যানিটারি সার্টিফিকেট প্রাপ্তির মেয়াদ ..... ১৬

ফাইটোস্যানিটারি সার্টিফিকেট ফি ..... ১৬

সংযুক্তি-৪: ট্রেড লাইসেন্স ইস্যু (বাণিজ্যিক প্রতিষ্ঠানের জন্য) সম্পর্কিত নথিপত্র ..... ১৭

ট্রেড লাইসেন্স প্রাপ্তির ধাপসমূহ ..... ১৭

ট্রেড লাইসেন্স সার্টিফিকেট প্রাপ্তির সময় ..... ১৮

ট্রেড লাইসেন্স সার্টিফিকেট ফি ..... ১৮

সংযুক্তি-৫: ট্রেড লাইসেন্স প্রাপ্তির ধাপসমূহ ..... ১৯

সংযুক্তি-৬: এক্সপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (শিল্পজাত ব্যবসার জন্য) ..... ২০

এক্সপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রাপ্তির ধাপসমূহ ..... ২২

সংযুক্তি-৭: এক্সপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (ইআরসি) গ্রহণের ধাপসমূহ ..... ২৪

সংযুক্তি-৮: রপ্তানি কাস্টমস ক্লিয়ারেন্স সম্পর্কিত নথিপত্র ..... ২৫

সংযুক্তি-৯: বিল অব এন্ট্রি ..... ২৫

তাজা ফল ও সবজি রপ্তানির জন্য বিভিন্ন সার্টিফিকেটের নমুনা ..... ২৬

# ভূমিকা


বাংলাদেশ কৃষিভিত্তিক পণ্য উৎপাদনে সমৃদ্ধ। গত তিন দশকে উত্তম কৃষিজ উৎপাদন-রীতির অনুশীলন (GAP), উৎপাদন ও ফসল সংগ্রহ-পদ্ধতির আধুনিকায়ন এবং উন্নত ও টেকসই প্রযুক্তির ব্যবহারের ফলে বাংলাদেশে কৃষির উল্লেখযোগ্য উন্নয়ন ঘটেছে। বর্তমানে উৎপাদনশীলতা এবং ফসলের নিবিড়তা বাড়ানোর মাধ্যমে দেশ খাদ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতার দিকে এগিয়ে যাচ্ছে। অন্যান্য কৃষিপণ্যের মতো তাজা ফল ও শাকসবজি দেশের অভ্যন্তরীণ খাদ্য চাহিদা পূরণে এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

বাংলাদেশের কৃষিপণ্য রপ্তানির বাজার ক্রমশ বাড়ছে। আশা করা যাচ্ছে ২০২২-২৩ অর্থবছরে এ খাত থেকে রপ্তানি আয় ২০০ কোটি মার্কিন ডলার ছাড়িয়ে যাবে। রপ্তানি উন্নয়ন ব্যুরোর পরিসংখ্যান অনুসারে, জাতীয় রপ্তানি আয়ে ২০০৮-০৯ অর্থবছরে কৃষিপণ্যের অবদান ছিল ০.৭৮%, ২০২০-২১ অর্থবছরে এটা ২.৮৭%-এ দাঁড়ায়। অর্থাৎ গত একযুগে এ খাত থেকে রপ্তানি আয় প্রায় তিনগুণ বেড়েছে।

তাজা ফল ও শাকসবজি রপ্তানির উজ্জ্বল সম্ভাবনার কারণে ১৯৯০ সালের পর থেকে বাংলাদেশে উল্লেখিত পণ্যসমূহ উৎপাদন ও রপ্তানির বিভিন্ন উদ্যোগ লক্ষ্য করা যায়। তবে বাংলাদেশে এসব পণ্যের উৎপাদন এবং রপ্তানির ক্ষেত্রে সহায়ক পরিবেশ ও পর্যাপ্ত সক্ষমতা না থাকায় এ খাতে নানামুখী সমস্যার সম্মুখীন হতে হয়। অভ্যন্তরীণ বাজারের পাশাপাশি রপ্তানি বাজারেও তাজা ফল ও শাকসবজি রপ্তানিতে বেশ কিছু সীমাবদ্ধতার সম্মুখীন হতে হয়। যেমন– পণ্য উৎপাদনে উত্তম কৃষিজ উৎপাদন-রীতির সঠিক অনুশীলন না করা, রপ্তানির ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্যের অভাব এবং আমদানিকারক দেশগুলোর আরোপিত আইনি বাধ্যবাধকতা ইত্যাদি।

এ প্রেক্ষাপটে ফিড দ্য ফিউচার বাংলাদেশ ট্রেড অ্যাক্টিভিটি বাংলাদেশ থেকে অন্যান্য দেশে তাজা ফল ও শাকসবজি রপ্তানির নির্দেশনা সম্পর্কে বিভিন্ন ধরনের তথ্যমূলক উপকরণ, যেমন– বুকলেট, ইনফোগ্রাফ, লিফলেট, ট্রাইফোল্ড ইত্যাদি তৈরি ও বিতরণের মাধ্যমে সংশ্লিষ্টদের যথাযথ রপ্তানির প্রস্তুতি বাড়ানোর উদ্যোগ গ্রহণ করেছে।

**২০২২-২৩** অর্থ-বছরে কৃষিপণ্য রপ্তানি আয় **২০০** কোটি মার্কিন ডলার ছাড়িয়ে যাবে।



**২০০৮-৯** অর্থ-বছরে
জাতীয় রপ্তানি আয়ে **কৃষিপণ্যের**
অবদান ছিল **০.৭৮%**।

**২০২০-২১** অর্থ-বছরে **২.৮৭%**।
গত একযুগে **কৃষিপণ্যের** রপ্তানি
আয় বেড়েছে প্রায় **তিনগুণ**।



## বাংলাদেশ থেকে তাজা ফল ও শাকসবজি রপ্তানির ক্ষেত্রে সম্ভাবনাসমূহ

- বাংলাদেশের মাটি এবং জলবায়ু তাজা ফল ও শাকসবজি উৎপাদনের জন্য উপযুক্ত;
- ন্যায্য মজুরিতে শ্রমিকের পর্যাপ্ততা;
- নতুন জমি বা খাসজমি ফল ও শাকসবজি উৎপাদনের আওতায় আনা;
- জৈব-পদ্ধতিতে ফল ও শাকসবজি চাষাবাদ;
- কৃষকদের উত্তম কৃষিজ উৎপাদন-রীতি অনুশীলনের (GAP) প্রতি আগ্রহী ও উদ্যোগী করে তোলা।




## বাংলাদেশ থেকে তাজা ফল ও শাকসবজি রপ্তানির ক্ষেত্রে প্রতিবন্ধকতা

- তাজা ফল ও শাকসবজি রপ্তানির বিষয়ে পর্যাপ্ত ও নির্ভরযোগ্য তথ্যের অভাব;
- আমদানিকারক দেশগুলোর নতুন নতুন আইনি বাধ্যবাধকতা আরোপ;
- জলবায়ু পরিবর্তনের কারণে প্রাকৃতিক দুর্যোগ বৃদ্ধি;
- রাসায়নিক সার এবং কীটনাশকের সহজলভ্যতা এবং মাত্রারিক্ত ব্যবহার;
- ক্ষুদ্র কৃষকদের ফসল চাষ থেকে স্বল্পমেয়াদে অধিক মুনাফা লাভের প্রবণতা;
- ইউনিট-এলাকা প্রতি স্বল্প উৎপাদন;
- ন্যায্যমূল্য পাওয়ার অনিশ্চয়তা;
- আধুনিক কৃষি যন্ত্রপাতির অপর্যাপ্ততা;
- এলাকাভিত্তিক আধুনিক প্যাক হাউজের অভাব।

# রপ্তানি নীতি ২০২১-২৪ অনুযায়ী তাজা ফল ও শাকসবজি রপ্তানিতে খাদ্য নিরাপদতা সম্পর্কিত প্রয়োজনীয় পদক্ষেপসমূহ

রপ্তানি নীতি ২০২১-২৪ অনুযায়ী তাজা ফল ও শাকসবজি রপ্তানির জন্য বাংলাদেশের রপ্তানিকারকদের নিম্নলিখিত খাদ্য নিরাপদতা সম্পর্কিত নিম্নোক্ত পদক্ষেপসমূহ অনুসরণ করতে হবে:

- চুক্তিভিত্তিক চাষাবাদ এবং উত্তম কৃষিজ উৎপাদন-রীতির অনুশীলন (GAP) এর ওপর ভিত্তি করে খামার থেকে বাজারনীতি অনুসরণ করার উদ্যোগ নিতে হবে;
- পচনশীল পণ্য, যেমন– তাজা ফল ও শাকসবজির সতেজতা বজায় রাখার জন্য আন্তর্জাতিক বিমানবন্দরে শীতলীকরণ (Cooling System) ব্যবস্থা নিশ্চিত করার উদ্যোগ নিতে হবে;
- পরিবহন ব্যবস্থা সহজলভ্য এবং সাশ্রয়ী করতে এয়ার কার্গো ভাড়া করার উদ্যোগ নিতে হবে;
- রপ্তানিযোগ্য পণ্যের গুণগত মান বজায় রাখার জন্য সকল রপ্তানিকারকদের আন্তর্জাতিক মানের কার্টন (কোরুগেটেড ফাইবার বোর্ড-CFB) ব্যবহার নিশ্চিত করা এবং এই খাতে সরকারি সহায়তা নিশ্চিত করতে হবে;
- পণ্যের দ্রুত পচন রোধ করতে কুল চেইন স্থাপন করার কথা বিবেচনা করতে হবে। এ ক্ষেত্রে রিফার ভ্যান ও রিফার কন্টেইনারে পণ্য আমদানি করাও উপযুক্ত বলে বিবেচনা করা যাবে;
- কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্ল্যান্ট কোয়ারেন্টাইন উইং এবং বিএসটিআইসহ মান নিয়ন্ত্রণ সংস্থাগুলোর সক্ষমতা বৃদ্ধির জন্য পদক্ষেপ নিতে হবে যাতে উদ্ভিদ ও উদ্ভিদজাত পণ্যের মান পরীক্ষা এবং নিয়ন্ত্রণ ব্যবস্থার উন্নতির জন্য একটি রোডম্যাপ তৈরি করা হবে;
- রপ্তানিযোগ্য পণ্য, যেমন– শাকসবজি, আলু, পান, আমসহ ফল, উদ্ভিদ ও উদ্ভিদজাত দ্রব্য উৎপাদনের জন্য চুক্তিভিত্তিক চাষাবাদকে উৎসাহিত করতে হবে;
- শাকসবজি, ফুল রপ্তানির জন্য প্রয়োজনীয় আধুনিক ও বৈজ্ঞানিক প্যাকেজিং উপকরণ উৎপাদনকে উৎসাহিত করতে হবে;
- আলু, পান, আম এবং অন্যান্য ফল ও শাকসবজি রপ্তানির জন্য আমদানিকারক দেশগুলোর চাহিদা (ফাইটোস্যানিটারি চাহিদা) পূরণের জন্য যথাযথ পদক্ষেপ নিতে হবে:
- ফল ও শাকসবজির উৎপাদক ও রপ্তানিকারকদের প্রশিক্ষণ কর্মসূচি অব্যাহত রাখা;
- কৃষিভিত্তিক পণ্য রপ্তানির ক্ষেত্রে সব ধরনের দূষণমুক্ত পণ্য রপ্তানির উদ্যোগ নিতে হবে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এ ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করবে;
- কৃষি সম্প্রসারণ অধিদপ্তর রপ্তানিযোগ্য তাজা ফল ও শাকসবজিতে অনুজৈবিক দূষণ রোধ করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;

- আমদানিকারক দেশগুলোর আমদানির শর্ত পূরণ না করে উদ্ভিদ ও উদ্ভিদজাত পণ্য রপ্তানি করা যাবে না এবং শর্ত পালনের যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। গৃহীত পদক্ষেপগুলো রপ্তানিকারক ও চাষিদেরকে প্রশিক্ষণের মাধ্যমে জানানো হবে;

- আলু, ফল ও সবজির মতো রপ্তানিযোগ্য পণ্য উৎপাদনের জন্য বালাইমুক্ত এলাকা (PFA) এবং গ্রহণযোগ্য অল্প বালাইযুক্ত এলাকা (ALPP) তৈরির উদ্যোগ নিতে হবে;

- উৎপাদন-এলাকাভিত্তিক প্যাক হাউজ প্রতিষ্ঠার উদ্যোগ নিতে হবে;

- ফাইটোস্যানিটারি কার্যক্রমকে দক্ষ ও শক্তিশালী করার উদ্যোগ নিতে হবে;



## বাংলাদেশ থেকে ফল ও শাকসবজি রপ্তানির প্রয়োজনীয় সাধারণ নির্দেশনা

- রপ্তানিকারককে অবশ্যই বাংলাদেশে একটি প্রতিষ্ঠিত এবং বৈধ ব্যবসা প্রতিষ্ঠান হতে হবে।
- অবশ্যই ট্যাক্স নিবন্ধন এবং অন্যান্য লাইসেন্স থাকতে হবে, যেমন– ট্রেড লাইসেন্স, টিআইএন এবং ভ্যাট সার্টিফিকেট ইত্যাদি।
- রপ্তানিকারকের অবশ্যই একটি সক্রিয় ব্যাংক অ্যাকাউন্ট থাকবে যার মাধ্যমে প্রতিষ্ঠানটি লেনদেন সম্পন্ন করবে।
- বাংলাদেশ থেকে ফল ও শাকসবজি বা যেকোনো জৈবপণ্য রপ্তানি করতে হলে রপ্তানিকারককে প্রথমে প্রধান রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তরের কাছ থেকে একটি রপ্তানি নিবন্ধন সার্টিফিকেট নিতে হবে।
- এছাড়া রপ্তানিকারকদের অবশ্যই রপ্তানি উন্নয়ন ব্যুরোর অধীনে নিবন্ধন করতে হবে এবং প্রাসঙ্গিক সেক্টর অ্যাসোসিয়েশন থেকে লাইসেন্স নিতে হবে।
- সকল প্রয়োজনীয় নথির ব্যবস্থা হয়ে গেলে রপ্তানিকারক আগ্রহী বিদেশি ক্রেতার খোঁজ করবেন।
- নির্দিষ্ট পণ্য এবং আমদানিরকারক দেশের ওপর নির্ভর করে রপ্তানিকারকদের অতিরিক্ত সার্টিফিকেশন এবং নিবন্ধন প্রয়োজন হতে পারে।
- শিপিং এজেন্ট চূড়ান্ত হয়ে গেলে রপ্তানিকারককে ক্লিয়ারিং অ্যান্ড ফরোয়ার্ডিং এজেন্টদের কাছ থেকে প্রয়োজনীয় কাস্টম ক্লিয়ারেন্স নথি নিতে হবে।
- রপ্তানিকারকদের লেবেলিং ও প্যাকেজিং সম্পর্কিত প্রয়োজনীয় শর্তাবলি জানার জন্য অবশ্যই আমদানিকারক দেশগুলোর সঙ্গে সব সময় যোগাযোগ রাখতে হবে এবং লেবেলিং ও প্যাকেজিং দেশের নিরাপদ খাদ্যমানের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে, সম্পর্কিত গৃহীত পদক্ষেপসমূহ দেশের নিরাপদ খাদ্যমানের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।



## বাংলাদেশ থেকে তাজা ফল ও শাকসবজি রপ্তানির ক্ষেত্রে প্রয়োজনীয় নথিপত্র

ক. এক্সপোর্ট প্রমোশন ব্যুরোর (ইপিবি) এনরোলমেন্ট সার্টিফিকেট (আবশ্যিক)

১. আবেদনপত্র সংগ্রহ করা;
২. ব্যাংকে ফি জমা দেওয়া;
৩. ইপিবি'র কাছে আবেদনপত্র জমা দেওয়া;
৪. ইপিবি এনরোলমেন্ট সার্টিফিকেট সংগ্রহ করা।

খ. এক্সপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (ইআরসি) (আবশ্যিক)

১. আবেদনপত্র সংগ্রহ করা;
২. প্রয়োজনীয় নথিপত্রসহ আবেদনপত্র জমা দেওয়া;
৩. ইআরসি সার্টিফিকেট সংগ্রহ করা।

গ. হর্টিকালচার পণ্য রপ্তানিকারক রেজিস্ট্রেশন (আবশ্যিক)

১. আবেদনপত্র সংগ্রহ করা;
২. আবেদনপত্র জমা দেওয়া;
৩. নিবন্ধন সার্টিফিকেট সংগ্রহ করা।

ঘ. ফাইটোস্যানিটারি সার্টিফিকেট (আবশ্যিক)

১. আবেদনপত্র সংগ্রহ করা;
২. ব্যাংকে ফি জমা দেওয়া;
৩. ব্যাংকে জমাকৃত ফি'র চালানসহ প্রয়োজনীয় নথিপত্রসহ আবেদনপত্র জমা দেওয়া;
৪. পণ্য পরীক্ষণে অংশগ্রহণ করা;
৫. ফাইটোস্যানিটারি সার্টিফিকেট সংগ্রহ করা।

ঙ. কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক লাইসেন্স (আবশ্যিক)

১. আবেদনপত্র সংগ্রহ করা;
২. ব্যাংকে ফি জমা দেওয়া;
৩. প্রয়োজনীয় নথিপত্র সহ আবেদনপত্র জমা দেওয়া;
৪. লাইসেন্স সংগ্রহ করা।

চ. ট্রেড অ্যাসোসিয়েশনের মেম্বারশিপ সার্টিফিকেট (ঐচ্ছিক)

১. আবেদনপত্র সংগ্রহ করা;
২. আবেদনপত্রে স্বাক্ষর নেওয়া;
৩. ব্যাংকে ফি জমা দেওয়া;
৪. ব্যাংকে জমাকৃত ফি'র চালানসহ প্রয়োজনীয় নথিপত্রসহ আবেদনপত্র জমা দেওয়া;
৫. মেম্বারশিপ সার্টিফিকেট সংগ্রহ করা।





ছ. চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ এর মেম্বারশিপ সার্টিফিকেট (ঐচ্ছিক)

১. আবেদনপত্র সংগ্রহ করা;
২. আবেদনপত্রে স্বাক্ষর নেওয়া;
৩. ব্যাংকে ফি জমা দেওয়া;
৪. প্রয়োজনীয় নথিপত্রসহ আবেদনপত্র জমা দেওয়া;
৫. মেম্বারশিপ সার্টিফিকেট সংগ্রহ করা।

জ. ফল ও শাকসবজির চুক্তিভিত্তিক চাষাবাদের অঙ্গীকারনামা (ঐচ্ছিক)

১. নিবন্ধিত কৃষকদের তালিকা সংগ্রহ করা;
২. চুক্তিভিত্তিক চাষাবাদের অঙ্গীকারনামায় স্বাক্ষর করা;
৩. চুক্তি মোতাবেক উৎপাদিত পণ্য সংগ্রহ ও মূল্য পরিশোধ করা।

ঝ. পেস্ট-ফ্রি সার্টিফিকেট (ঐচ্ছিক)

১. পেস্ট-ফ্রি সার্টিফিকেট সংগ্রহ করা (এক্সপোর্ট পলিসি অর্ডার, ২০২০-২১ অনুযায়ী কৃষি সম্প্রসারণ অদিধপ্তর থেকে)

ঞ. শুল্ক পরিচালনার জন্য ক্লিয়ারিং অ্যান্ড ফরোয়ার্ডিং এজেন্টের সঙ্গে চুক্তি

ট. এয়ারওয়ে বিল এবং গেট পাস

ঠ. পরিদর্শন ও যাচাইয়ের পর চূড়ান্ত কাস্টম ক্লিয়ারেন্স

ড. আমদানিকারক দেশ কোনো টেস্ট বা টেস্টের সার্টিফিকেট অথবা অন্য কোনো রেকর্ড চাইলে সে অনুযায়ী নথিপত্র জমা দিতে হবে (PFA, PFC, ALPP)

ঢ. গন্তব্য দেশের নাম (Country of Destination), ক্ষেত্র বিশেষে

ন. উৎস দেশের নাম ও সার্টিফিকেট (Country of Origin)

উপরোক্ত নির্দেশনা ছাড়াও অতিরিক্ত যেসব নথিপত্র প্রয়োজন (প্রযোজ্য ক্ষেত্রে)

- প্যাকিং তালিকা (যদি থাকে);
- জৈবপণ্যের সার্টিফিকেশন (যদি থাকে);
- এমআরএল নির্দেশ করা স্বাস্থ্য সার্টিফিকেট (যদি থাকে);
- রেডিয়েশন সার্টিফিকেট (যদি থাকে);
- বিভিন্ন দেশে WTO, SAPTA, APTA এর আওতায় প্রাপ্ত GSP সুবিধা ও শুল্ক সুবিধা সার্টিফিকেট
- অন্যান্য নির্দিষ্ট নথিপত্র (যদি প্রযোজ্য হয়)

## বাংলাদেশ থেকে তাজা ফল ও শাকসবজি রপ্তানির আদেশ প্রাপ্তির সহজ উপায়

- বাংলাদেশ থেকে ফল ও শাকসবজি রপ্তানি করার ক্ষেত্রে ভালোমানের ব্যবসা প্রতিষ্ঠান করতে নিজের আগ্রহ থাকতে হবে;
- বাংলাদেশের রপ্তানিকারকদের বিদেশি ক্রেতাদের মনোযোগ আকর্ষণ করার জন্য বিভিন্ন ধরনের প্রচারাভিযানে অংশ গ্রহণ করতে হবে;
- রপ্তানিকারকদের মানসম্পন্ন নিজস্ব একটি ওয়েবসাইট চালু করা এবং সব পণ্যের ও পণ্যের গুণগত মানদণ্ডের সনদ তালিকাভুক্ত করে আগ্রহী ক্রেতাদের সঙ্গে যোগাযোগ রাখা;
- ডিজিটাল মার্কেটিং পদ্ধতি উন্নত করার জন্য ওয়েবসাইটের Search Engine Optimization (SEO) ব্যবহার করা;
- ক্রেতার আস্থা অর্জন এবং পণ্যের গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে রপ্তানিকারকদের রপ্তানির পূর্বে তাজা ফল ও শাকসবজির একটি নমুনা ক্রেতার কাছে পাঠাতে হবে;
- টুইটার, ইউটিউব, লিংকডইন এবং ফেসবুকের মতো সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মের সহায়তা নিয়ে তাজা ফল এবং শাকসবজির প্রচার চালানো;
- পণ্য প্রদর্শন করতে এবং বিদেশি ক্রেতাদের আকৃষ্ট করতে বিভিন্ন ধরনের আন্তর্জাতিক বাণিজ্য মেলা, প্রদর্শনী এবং কৃষক বাজারে অংশগ্রহণ করা।



## সংযুক্তি-১: কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) থেকে রপ্তানির জন্য ফাইটোস্যানিটারি সার্টিফিকেট সংগ্রহের জন্য নথিপত্র

| সিরিয়াল | প্রয়োজনীয় নথিপত্র | মন্তব্য |
|---|---|---|
| ১ | আবেদনপত্র | ডিএই বা প্ল্যান্ট কোয়ারেন্টাইন উইং-এর ওয়েবসাইট বা অফিসে পাওয়া যাবে |
| ২ | ট্রেড লাইসেন্স | প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক যথাযথভাবে সত্যায়িত ফটোকপি |
| ৩ | এক্সপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (ইআরসি) | প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক যথাযথভাবে সত্যায়িত ফটোকপি |
| ৪ | প্যাকিং লিস্ট | প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক যথাযথভাবে সত্যায়িত ফটোকপি |
| ৫ | ইনভয়েস | প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক যথাযথভাবে সত্যায়িত ফটোকপি |
| ৬ | ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট | প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক যথাযথভাবে সত্যায়িত ফটোকপি |
| ৭ | টিআইএন সার্টিফিকেট | প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক যথাযথভাবে সত্যায়িত ফটোকপি |
| ৮ | ট্রেজারি চালান | মূলকপি |

## ফাইটোস্যানিটারি সার্টিফিকেট প্রাপ্তির জন্য আবেদন করার সময়

রপ্তানিকারকদের উদ্ভিদ বা উদ্ভিদজাত পণ্যের ক্ষেত্রে ফাইটোস্যানিটারি সার্টিফিকেটের প্রাপ্তির জন্য ডিএই-এর প্ল্যান্ট কোয়ারেন্টাইন উইং বরাবর আবেদন করবেন। পচনশীল পণ্যের জন্য রপ্তানির একদিন এবং পচনশীল নয় এমন পণ্যের জন্য রপ্তানির ১৫ দিন আগে আবেদন করবেন।




## সংযুক্তি-২ঃ ফাইটোস্যানিটারি সার্টিফিকেট প্রাপ্তির ধাপসমূহ

| | |
|---|---|
| ধাপ ১ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) থেকে নির্ধারিত ফর্ম সংগ্রহ |
| ধাপ ২ | ডিএই-এর প্ল্যান্ট কোয়ারেন্টাইন শাখায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার (PQO) কাছে নথিপত্রসহ আবেদনপত্র জমা দেওয়া |
| ধাপ ৩ | প্ল্যান্ট কোয়ারেন্টাইন শাখায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নথিগুলো যাচাই করে প্ল্যান্ট ইন্সপেক্টর অফিসারের কাছে পাঠাবেন |
| ধাপ ৪ | প্ল্যান্ট ইন্সপেক্টর অফিসার পরিদর্শন পরিচালনা করে প্ল্যান্ট কোয়ারেন্টাইন অফিসারের কাছে একটি প্রতিবেদন জমা দিবেন |
| ধাপ ৫ | প্ল্যান্ট কোয়ারেন্টাইন শাখায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা রিপোর্টের ভিত্তিতে সার্টিফিকেট প্রদান করবেন |



# ফাইটোস্যানিটারি সার্টিফিকেট প্রাপ্তির ধাপসমূহ



## সংযুক্তি-৩: ফাইটোস্যানিটারি সার্টিফিকেট প্রাপ্তির সময়

পচনশীল পণ্যের ক্ষেত্রে একদিন এবং পচনশীল নয় এমন পণ্যের ক্ষেত্রে আবেদন করার ১৫ দিনের মধ্যে সার্টিফিকেট প্রদান করা হয়।

## ফাইটোস্যানিটারি সার্টিফিকেটের মেয়াদ

- পচনশীল উদ্ভিদ বা উদ্ভিদজাত পণ্যের জন্য: সার্টিফিকেট ইস্যু করার পর ২৪ ঘন্টা
- পচনশীল নয় এমন উদ্ভিদ বা উদ্ভিদজাত পণ্যের জন্য: সার্টিফিকেট ইস্যু করার পর ১৫ দিন

## ফাইটোস্যানিটারি সার্টিফিকেট ফি

| ক্রম | পণ্যের বিবরণ | ফি |
|---|---|---|
| ১ | তাজা ফল এবং সবজি | টাকা ০.২৫/কেজি; সর্বনিম্ন ৫০০ টাকা/সার্টিফিকেট+১৫% ভ্যাট+২২০ টাকা সার্টিফিকেট প্রসেসিং চার্জ |
| ২ | ধান ও দানাদার ফসল | টাকা ০.২৫/কেজি; সর্বনিম্ন ৫০০ টাকা/সার্টিফিকেট |
| ৩ | মশলা, ডাল এবং উদ্ভিদজাত অন্যান্য পণ্য | টাকা ০.২৫/কেজি; সর্বনিম্ন ৫০০ টাকা/সার্টিফিকেট |
| ৪ | খাদ্য উপাদান | টাকা ০.২৫/কেজি; সর্বনিম্ন ৫০০ টাকা/সার্টিফিকেট |
| ৫ | বিভিন্ন ধরনের বীজ | টাকা ০.২৫/কেজি; সর্বনিম্ন ৫০০ টাকা/সার্টিফিকেট |
| ৬ | আমদানিযোগ্য নমুনা উদ্ভিদ এবং উদ্ভিদজাত পণ্য | ৫০০ টাকা/সার্টিফিকেট |

(উৎস: কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ২০২১, বিশেষ দ্রষ্টব্য: সর্বশেষ ফি জানার জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্ভিদ সংগনিরোধ উইং এর সাথে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো



## সংযুক্তি-৪: ট্রেড লাইসেন্স ইস্যু (বাণিজ্যিক প্রতিষ্ঠানের জন্য) সম্পর্কিত নথিপত্র

| সিরিয়াল | প্রয়োজনীয় নথি | মন্তব্য |
|---|---|---|
| ১ | K-ফর্ম | মূল ফর্ম |
| ২ | জাতীয় পরিচয়পত্র | মূল পরিচয়পত্রের একটি কপি |
| ৩ | ভাড়ার রসিদ অথবা মালিকানা প্রমাণ | তিন (৩) কপি |
| ৪ | হোল্ডিং ট্যাক্স প্রদানের রসিদ | প্রেস/পত্রিকার ক্ষেত্রে; নন-জুডিশিয়াল স্ট্যাম্প |
| ৫ | রপ্তানিকারকের সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি | লিমিটেড কোম্পানির ক্ষেত্রে ছবির একটি কপি |
| ৬ | সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের নিয়ম মেনে চলার জন্য একটি নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ঘোষণা | মূল নথির একটি কপি |
| ৭ | সংঘস্মারক এবং সংঘবিধি (Memorandum of Article and Associations) | মূল নথির একটি কপি |
| ৮ | ইনকর্পোরেশন সার্টিফিকেট (Certificate of Incorporation) | মূল নথির একটি কপি |
| ৯ | অংশীদারিত্ব চুক্তি | মূল নথির একটি কপি |
| ১০ | ব্যাংক সচ্ছলতার বিবৃতি | মূল নথির একটি কপি |
| ১১ | টিআইএন সার্টিফিকেট | মূল নথির একটি কপি |

## ট্রেড লাইসেন্স প্রাপ্তির ধাপসমূহ

| | |
|---|---|
| ধাপ ১ | আবেদনকারী সিটি কর্পোরেশন/পৌরসভার সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় থেকে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করবেন |
| ধাপ ২ | আবেদনকারী পূরণকৃত আবেদনপত্র অন্যান্য সহায়ক নথিসহ ট্যাক্সেশন অফিসারের কাছে জমা দিবেন |
| ধাপ ৩ | লাইসেন্সিং সুপারভাইজার প্রতিষ্ঠান পরিদর্শন করবেন |
| ধাপ ৪ | আবেদনকারী সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদে নির্ধারিত ফি জমা দিবেন |
| ধাপ ৫ | সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ অফিস থেকে ট্রেড লাইসেন্স গ্রহণ করবেন |

## ট্রেড লাইসেন্স সার্টিফিকেট প্রাপ্তির সময়

| অফিসিয়াল সময়সীমা | লাইসেন্স ইস্যু করার জন্য আনুমানিক প্রক্রিয়াকরণ সময় |
|---|---|
| ৩-৪ কার্যদিবস | সময় ভিন্ন হতে পারে |


## ট্রেড লাইসেন্স সার্টিফিকেট ফি

- লাইসেন্স ফি ১০০ টাকা থেকে ৪০,০০০ টাকা পর্যন্ত; ব্যবসায়ের প্রকৃতি বা ধরনের ওপর নির্ভর করে ফি নির্ধারিত হয় (সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ অফিস থেকে এ সংক্রান্ত তথ্য সংগ্রহ করা যেতে পারে)

- লিমিটেড কোম্পানির জন্য লাইসেন্স ফি পরিশোধিত মূলধনের ওপর ভিত্তি করে নির্ধারিত হয় (সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ অফিস থেকে এ সংক্রান্ত তথ্য সংগ্রহ করা যেতে পারে)



# সংযুক্তি-৫: ট্রেড লাইসেন্স প্রাপ্তির ধাপসমূহ



## সংযুক্তি-৬: এক্সপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (শিল্পজাত ব্যবসার জন্য)

### এক্সপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেটের জন্য প্রয়োজনীয় নথিপত্র


| সিরিয়াল | প্রয়োজনীয়নথি | মন্তব্য |
|---|---|---|
| ১ | উদ্যোক্তা/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপনা পরিচালকের পাসপোর্ট সাইজের ছবি | রপ্তানিকারকের সদ্য তোলা পাসপোর্ট সাইজ ছবি |
| ২ | বৈধ ট্রেড লাইসেন্স | মূল নথির একটি সত্যায়িত কপি |
| ৩ | স্থানীয় চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি বা সংশ্লিষ্ট ট্রেড অ্যাসোসিয়েশনের সদস্যপদের সার্টিফিকেট | স্থানীয় চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি বা ট্রেড অ্যাসোসিয়েশন দ্বারা সত্যায়িত মূল সার্টিফিকেটের একটি কপি |
| ৪ | আর্থিক সচ্ছলতা বিবৃতি | ব্যাংক থেকে |
| ৫ | জাতীয় পরিচয়পত্রের কপি | সত্যায়িত কপি |
| ৬ | ট্রেজারি চালান | মূল কপি |
| ৭ | টিআইএন সার্টিফিকেট | মূল নথির একটি সত্যায়িত কপি |
| ৮ | অংশীদারী দলিল | মূল নথির একটি সত্যায়িত কপি (অংশীদারিত্বের ক্ষেত্রে) |
| ৯ | সংঘস্মারক এবং সংঘবিধি (Memorandum of Article and Associations), ইনকর্পোরেশন সার্টিফিকেট (Certificate of Incorporation) | মূল নথির একটি কপি (অংশীদারিত্বের ক্ষেত্রে) |
| ১০ | কর্মচারী, কর্মকর্তাদের তালিকা (নাম, পদবি, বেতন, জাতীয়তা) | |


## প্রক্রিয়ার ধাপসমূহ

| | |
|---|---|
| ধাপ ১ | আবেদনকারী আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের অফিস ওয়েবসাইট (http://www.ccie.gov.bd) থেকে বিনামূল্যে ERC - শিল্প ফর্ম সংগ্রহ করেন |
| ধাপ ২ | আবেদনকারী বাংলাদেশ ব্যাংক বা সোনালী ব্যাংকে রেজিস্ট্রেশন ফি এবং পাসবুকের মূল্য জমা করে এবং ট্রেজারি চালানের তিনটি (৩) কপি সংগ্রহ করবেন |
| ধাপ ৩ | আবেদনকারী প্রয়োজনীয় নথিপত্রের ব্যবস্থা করবেন |
| ধাপ ৪ | আবেদনকারী সিসিআইঅ্যান্ডই-এর রসিদ প্রেরণ বিভাগে প্রয়োজনীয় নথিপত্র এবং ট্রেজারি চালানসহ পূরণকৃত আবেদনপত্র জমা দিবেন |
| ধাপ ৫ | আবেদনকারী সিসিআই থেকে অফিসিয়াল স্ট্যাম্পসহ অফিস এন্ট্রি নম্বর সংগ্রহ করবেন |
| ধাপ ৬ | সার্টিফিকেট জারি করা হলে আবেদনকারী অফিস এন্ট্রি নম্বর, সার্টিফিকেট এবং পাসবুক পাবেন |



চিত্রঃ এক্সপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রাপ্তির ধাপসমূহ




পূরণকৃত আবেদন ফর্ম ও প্রয়োজনীয় কাগজপত্র/নথি জমা দিবেন
পূরণকৃত আবেদন ফর্ম ও প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণ করবেন
CERTIFICATE
সিসিআইই এর স্ট্যাম্পসহ রসিদ গ্রহণ করবেন
সার্টিফিকেট প্রাপ্তি
সার্টিফিকেট ইস্যু করবেন
শেষ



## সংযুক্তি-৭: এক্সপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (ইআরসি) গ্রহণের ধাপসমূহ

প্রয়োজনীয় আনুষঙ্গিক নথিপত্র :

১. বৈধ ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি

২. স্থানীয় চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি বা সংশ্লিষ্ট ট্রেড অ্যাসোসিয়েশনের মেম্বারশিপ সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি

৩. ট্রেজারি চালানের মূল কপি

৪. যদি অংশীদারী ব্যবসা হয়ে থাকে তাহলে অংশীদারী দলিল (প্রত্যয়িত অনুলিপি)

৫. যদি লিমিটেড কোম্পানি হয়ে থাকে: (প্রত্যয়িত কপি)

- ইনকর্পোরেশন সার্টিফিকেট
- সংঘবিধি
- সংঘস্মারক

(জমাকৃত কাগজপত্র যাচাই করার জন্য আবেদনকারীরা মূল নথিগুলোও জমা দিবেন। প্রক্রিয়াটি শেষ হলে মূল কপিগুলো ফেরত দেওয়া হবে)।

### প্রক্রিয়ার ধাপসমূহ




ধাপ ১: ইম্পোর্ট অ্যান্ড এক্সপোর্ট কন্ট্রোলার অফিস থেকে ERC ফর্ম সংগ্রহ করুন।



সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited

ধাপ ২: বাংলাদেশ ব্যাংক বা সোনালী ব্যাংকের মনোনীত শাখায় শিডিউল ফি জমা করুন। যদি বাংলাদেশ ব্যাংক না থাকে সেক্ষেত্রে শুধুমাত্র সোনালী ব্যাংক ব্যবহার করা যাবে। চালান ফর্মের তিন কপি সংগ্রহ করে পূরণ করুন এবং নির্ধারিত ফি প্রদান করুন।

ধাপ ৩: পুনরুদ্ধার সহায়ক নথিসহ আবেদনপত্র জমা দিন



আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি



সিআইএন্ডই-এর তৃতীয় তলায় বিকাল ৪টার মধ্যে রসিদ ঘরে আবেদন জমা দিন



নিজের জন্য সব কাগজপত্রসহ আবেদনপত্রের একটি কপি সংরক্ষণ



অ্যাপ্লিকেশন রেজিস্ট্রেশন নম্বর সংগ্রহ করুন।

## সংযুক্তি-৮: রপ্তানি কাস্টমস ক্লিয়ারেন্স সম্পর্কিত নথিপত্র

| কোয়ালিটি চেক | বাধ্যতামূলক করণীয় | শিপিং সম্পর্কিত প্রয়োজনীয়তা |
|---|---|---|
| ◉ প্রোফর্মা চালান<br>◉ কাস্টমস প্যাকিং লিস্ট | ◉ কাস্টমস চালান<br>◉ শিপিং বিল<br>◉ এক্সপোর্ট লাইসেন্স | ◉ উৎস দেশ<br>◉ বিল অফ লেডিং<br>◉ সাইট বিল |
| **যদি আইসিডি নিযুক্ত থাকে** | **খাদ্যপণ্যের জন্য** | **মূল্য পরিশোধ সম্পর্কিত প্রয়োজনীয়তা** |
| ◉ গুদাম ঘরের রসিদ | ◉ স্বাস্থ্য প্রশংসাপত্র | ◉ বিল অব এক্সচেঞ্জ<br>◉ লেটার অব ক্রেডিট (এলসি) |

## সংযুক্তি- ৯: (বিল অব এন্ট্রি, Customs Clearance)

১. চালানের মোট মূল্য (কোম্পানি প্যাডে)
২ প্যাকিং লিস্ট (কোম্পানি প্যাডে)
৩. বিক্রয় চুক্তি
৪. সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক ইস্যুকৃত
মোট মূল্যসংক্রান্ত ব্যাংকের সার্টিফিকেট (কেবল মাত্র বিদেশি বিমানের ক্ষেত্রে)
৫. রপ্তানি সার্টিফিকেট (সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক ইস্যু)
৬. ইআরসি তালিকাভুক্তি নাম্বারসহ ইআরসি সার্টিফিকেট
৭. ফাইটোস্যানিটারি সার্টিফিকেট
৮. কৃষি বিপণন অধিদপ্তরের সার্টিফিকেট
৯. উৎস দেশের সার্টিফিকেট
১০. বিমান বিলের কপি

### নিম্নলিখিত বিষয়গুলোও প্রয়োজন

১. রপ্তানিকারকের নাম
২. আমদানিকারকের নাম
৩. নিট ওয়েট
৪. গ্রস ওয়েট
৫. ঝুড়ির সংখ্যা
৬. সিঅ্যান্ডএফ ফার্মের নামসহ গন্তব্য

# তাজা ফল ও সবজি রপ্তানির জন্য বিভিন্ন সার্টিফিকেটের নমুনা

## ইপিবি এনরোলমেন্ট সার্টিফিকেট

**Export Promotion Bureau**

***Enrolment Certificate***

This is to certify that until further orders

Messers : ..............................

Address : ..............................

..............................

..............................

has been enrolled with the Export Promotion Bureau, Dhaka as Non-Textile Products Manufacturer/Exporter and has been allotted Enrolment Number..................................

This Certificate is valid for one year i. e. from.................................. to...................... . After expiry of validity, this certificate has to be renewed.

Issuing Date　　Prepared by　　Assistant Director/Deputy Director<br>Export Promotion Bureau

## উদ্যান ফসল রপ্তানিকারক নিবন্ধন ফর্ম

**উদ্যান ফসল রপ্তানিকারক হিসেবে নিবন্ধনের প্রত্যয়নপত্র**

*Certificate of Registration as Horticultural Products Exporter*

রেজিস্ট্রেশন নং: কৃম / ডিএই / উসউ .............................. তারিখ:..............................
Registration No: MoA / DAE / PQW.............................. Date:..............................

প্রত্যয়ন করা যাচ্ছে যে মেসার্স .............................................................. কে উদ্যান ফসল রপ্তানিকারক হিসেবে নিবন্ধিকরণ করা হলো।
This is to certify that M/S.............................................................. is/are hereby registered as a Horticultural Products Exporter.

তাঁকে উদ্ভিদ ও উদ্ভিদজাত পণ্য রপ্তানির ক্ষেত্রে উদ্ভিদ সংগনিরোধ আইন ও বিধানাবলী মেনে চলতে হবে। অন্যথায় এ নিবন্ধন বাতিল করা হবে।
He/She should be abiding by the Plant Quarantine rules & regulations for export of Horticultural Products. Otherwise this registration will be cancelled.

এই প্রত্যয়নপত্র কৃষি মন্ত্রণালয় ও বাণিজ্য মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক দেয়া হলো।
This Certificate is issued as per the instruction of the MoA & MoC.

আদেশক্রমে / By order

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫
Department of Agricultural Extension, Khamarbari, Dhaka 1215
তারিখ / Date: ..............................

পরিচালক<br>উদ্ভিদ সংগনিরোধ উইং<br>কৃষি সম্প্রসারণ অধিদপ্তর<br>কৃষি মন্ত্রণালয়

বিএফভিএপিইএ সার্টিফিকেট



Book No. 30
Serial No. 1473

BANGLADESH FRUITS VEGETABLES & ALLIED PRODUCTS EXPORTER'S ASSOCIATION

Rahmania International Complex (5th Floor, Room No. 11), 28/1/C Toyenbee Circular Road, Motijheel C/A, Dhaka-1000.
Phone: 8802-9560506, Fax: 88-02-9560506, E-mail: bfvapea_association@yahoo.com

MEMBERSHIP CERTIFICATE

This is to Certify that M/s. ______________________________
is a General / Associate Member of this Association. The firm is engaged in ______________
This Membership shall remain valid upto 31st December, ________ Given under the Common Seal of the Association this ______________ day of ______________

General Secretary    President

ডিসিসিআই মেম্বারশিপ সার্টিফিকেট



Book No. 079
Serial No. 07861

DCCI

DHAKA CHAMBER OF COMMERCE & INDUSTRY

65-66, MOTIJHEEL COMMERCIAL AREA, DHAKA-1000

MEMBERSHIP CERTIFICATE

This is to Certify that M/ ______________________________
of ______________________________
is a General Member of this Chamber. The firm is engaged in ______________
This Membership shall remain valid upto 31st December, 20 ______
Given under the Seal of this Chamber, this ______________ day of ______________ 20 ______

Secretary General    President

This certificate will remain valid subject to yearly renewal of Membership in the Pass Book.

# ফাইটোস্যানিটারি সার্টিফিকেট



**Government of the People's Republic of Bangladesh**
**Ministry of Agriculture**
Department of Agricultural Extension
Plant Quarantine Wing

Form IX

PC- 0051425

Place of Issue ..........

VALID FOR SHIPMENT WITHIN 15 DAYS

**PHYTOSANITARY CERTIFICATE**
Rule 27(3)

To : The Plant Protection Organization of ..........

Date Inspected ..........

**I. Description of the consignment**

Name and address of exporter : ..........

Declared name and address of consignee : ..........

Number and description of packages : ..........
Distinguishing mark : ..........
Place of origin : ..........
Declared means of conveyance : ..........
Declared point of entry : ..........
Name of produce and quantity declared : ..........

Botanical name of plant : ..........

This is to certify that the plants, plant products or other regulated articles described herein have been inspected and/or tested according to appropriate official procedures and are considered to be free from quarantine pests, specified by the importing contracting party and to conform with the current phytosanitary requirements of the importing contracting party, including those for regulated non-quarantine pests. They are deemed to be practically free from other pests.

ORIGINAL

**II. Additional declaration**

..........

**III. Disinfestation and/or Disinfection treatment**

Date .......... Treatment ..........
Chemical (active ingredient) and concentration ..........
Duration of exposure and temperature ..........
Additional information ..........

***WARNING** : Any alteration, forgery, or unauthorized use of this phytosanitary certificate is punishable with imprisonment for a term not exceeding 2 (two) years, or with a fine not exceeding 5,00,000 (five lac) or with both. (Section31 of Plant Quarantine Act,2011).*

THIS CERTIFICATE SHALL BE INVALID

Name of authorised officer : .......... Signature : ..........

Date of Issue : ..........

No liability shall be attached to the Ministry of Agriculture or the Department or to any of its Officer or representative with respect to this certificate.

**CONTACT**

**Feed the Future Bangladesh Trade Activity**
House 10C (1st and 2nd floor), Road 90, Gulshan 2, Dhaka 1212, Bangladesh
Phone: +8809609022020
Email: contact@internationaldevelopmentgroup.com